



# DASARATHI HAZRA MEMORIAL COLLEGE

BHATAR, PURBA BARDHAMAN, PIN-713125, WEST BENGAL

College Code - 134

ESTD.-2013

Mobile No.-9434867892

E-mail id - [bhatarcollege@gmail.com](mailto:bhatarcollege@gmail.com)

8167305526

Web Site :- [bhatardhmc.in](http://bhatardhmc.in)

Memo No: CN/61/2022

Date: 16.06.2022

## বিজ্ঞপ্তি

এতদ্বারা SEM-VI(HONS. & GEN.)-এর সকল ছাত্রছাত্রীর উদ্দেশে জানানো হচ্ছে যে, ২০২১-২২ শিক্ষাবর্ষের ফাইনাল পরীক্ষা আগামী 20/06/2022 তারিখ থেকে Online মাধ্যমে শুরু হবে। পরীক্ষা সংক্রান্ত সাধারণ নির্দেশাবলী (ছাত্র-ছাত্রীদের জন্য) নিম্নরূপঃ

১) পরীক্ষা হবে অনলাইন মাধ্যমে।

২) অনলাইন (Electronically) খাতা জমা দেওয়ার জন্য প্রত্যেক পরীক্ষার্থীর নিজস্ব E-mail Id এবং ফোন নং থাকতে হবে।

৩) Form fill-up -এর পরে University-র দেওয়া বিজ্ঞপ্তি অনুসারে প্রত্যেক ছাত্র-ছাত্রীকে নিজ নিজ Admit Card ডাউনলোড করতে হবে। নির্দিষ্ট পরীক্ষার্থীর নামে জারি করা বৈধ Admit Card ব্যতীত উক্ত পরীক্ষার্থীর পরীক্ষা বৈধ বলে গণ্য হবে না এবং পরীক্ষার ফলও প্রকাশিত হবে না। এছাড়া, Admit Card-এ উল্লিখিত নেই, এমন কোনো বিষয় বা course/paper- এর পরীক্ষা দেওয়া যাবে না।

৪) নির্দিষ্ট বিষয়ের প্রশ্নপত্র পরীক্ষা শুরুর অন্তত ৩০ মিনিট আগে কলেজ ওয়েবসাইটে দেওয়া হবে।

৫) পরীক্ষা শেষে উত্তর পত্রের প্রতিটি পৃষ্ঠাকে ক্রমান্বয়ে সাজিয়ে PDF- এ পরিবর্তিত করে সেই File-টি নির্দিষ্ট বিষয়ের (Paper) জন্য প্রদত্ত E-mail address-এ পাঠাতে হবে।

৬) পরীক্ষার্থী পরীক্ষা শেষে উত্তরপত্র জমা দেওয়ার(Online/Offline) জন্য ৩০ মিনিট সময় পাবে। নির্দিষ্ট সময়ের মধ্যে উত্তরপত্র জমা না দিলে পরীক্ষার্থী অনুপস্থিত(Absent) বলে গণ্য করা হবে।

৭) কলেজে এসে খাতা জমা(Offline) দেওয়ার ক্ষেত্রে (খাতা জমা দেওয়ার পর) পরীক্ষার্থীকে কলেজ কর্তৃপক্ষের কাছ থেকে প্রাপ্তিস্বীকার অনুলিপি(Receipt copy) সংগ্রহ করতে হবে।

৮) Online খাতা জমা দেওয়ার ক্ষেত্রে, প্রেরিত E-mail-এর screenshot নিয়ে রাখতে হবে। Traffic jam (electronic-delivery) বা অন্য কারণে নির্দিষ্ট সময়ের মধ্যে উত্তরপত্র কলেজ প্রদত্ত E-mail address-এ না এলে, উক্ত screenshot দেখিয়ে খাতা জমা দেওয়া যাবে।

৯) প্রত্যেক পেপারের জন্য সময় বরাদ্দ থাকবে ২ অথবা ৩ ঘণ্টা।



১০) উত্তরপত্রের প্রথম পৃষ্ঠার Soft copy এবং প্রাপ্তিস্বীকার অনুলিপি (Receipt copy) কলেজ-ওয়েবসাইটে দেওয়া থাকবে।  
পরীক্ষার্থীরা পরীক্ষার আগেই সেগুলি Print করে রাখতে পারবে।

১১) A4 Size-এর পৃষ্ঠায় উত্তর লিখতে হবে। প্রত্যেক পৃষ্ঠায় (Upper right corner) পরীক্ষার্থীর Roll no, Registration no, Subject, Course/Paper(CC/GE/DSE/SEC etc.) এবং পৃষ্ঠা নং অবশ্যই লিখতে হবে।

১২) প্রথম পৃষ্ঠা না থাকলে অথবা যথাযথভাবে পূরণ না করলে উত্তরপত্র বাতিল হওয়ার ব্যাপারে পরীক্ষার্থী দায়ী থাকবে।

১৩) পরীক্ষার্থীকে পরীক্ষার স্বচ্ছতা রক্ষা বিষয়ে অস্বীকার করতে হবে। এই উদ্দেশ্যে প্রথম পৃষ্ঠায় লিখিত বিবৃতি(Declaration) ভালোভাবে পড়ে ও বুঝে নির্দিষ্ট স্থানে স্বাক্ষর(Signature) করতে হবে।

১৪) প্রশ্নপত্রে নম্বর বিভাজন কোভিড-পূর্ববর্তী (Pre-COVID) গৃহীত পরীক্ষার ধাঁচে হবে। অর্থাৎ ২ নং, ৫ নং ও ১০ নং-  
য়ের প্রশ্ন থাকবে।

নম্বর বিভাজন নিম্নরূপঃ

৬০ নম্বরের পেপারের ক্ষেত্রে.

২×১০=২০[মোট প্রশ্ন- ১৫]

৫×৪= ২০[মোট প্রশ্ন- ৬]

১০×২= ২০[মোট প্রশ্ন- ৪]

৪০ নম্বরের পেপারের ক্ষেত্রে.

২×৫=১০[মোট প্রশ্ন- ৮]

৫×২ =১০[মোট প্রশ্ন- ৪]

১০×২=২০[মোট প্রশ্ন- ৪]

১৫) ফলপ্রকাশ-পরবর্তী কোনোরকম পুনর্মূল্যায়ন(Review/Scrutiny)-এর আবেদন গ্রাহ্য হবে না। কোনো পরীক্ষার্থী অনুপস্থিত থাকলে তার জন্য 'Special/supplementary examination'- এরও ব্যবস্থা থাকবে না।

১৬) বিশ্ববিদ্যালয়ের U.G. Examination Regulation অনুযায়ী নিজ যোগ্যতা পূরণে ব্যর্থ ছাত্র-ছাত্রী (পূর্ববর্তী সিমেষ্টার-এর ভিত্তিতে) পরীক্ষায় বসতে পারবে না এবং বিশ্ববিদ্যালয়ও এই বিষয়ে দায়বদ্ধ থাকবে না।



১৭) বাড়িতে বসে পরীক্ষা দিলেও, পরীক্ষার্থী পরীক্ষার স্বচ্ছতা এবং শৃঙ্খলা বিষয়ে দায়বদ্ধ থাকবে। পরীক্ষার স্বচ্ছতা বা শৃঙ্খলা-পরিপন্থী কিছু লেখা বা post করা যাবে না।

১৮) কলেজ ওয়েবসাইট থেকে Admit Card সংগ্রহ করে সেটি উত্তরপত্রের (PDF) সঙ্গে নির্দিষ্ট ক্রমে জুড়ে দিতে হবে। [Front page + Answer script + Admit Card].

১৯) Front page-এর উল্টো পিঠে কিছু লেখা যাবে না।

২০) A4 page –এর উভয় পৃষ্ঠাতেই উত্তর লেখা যেতে পারে, তবে [ বিশেষত Online জমা দেওয়ার ক্ষেত্রে ] খেয়াল রাখতে হবে দু'পিঠের লেখাই যেন স্পষ্ট হয়।

২১) E-mail পাঠানোর সময় উত্তরপত্রের PDF file-টিই পাঠাতে হবে; কোনোরূপ link পাঠানো যাবে না। পরীক্ষার্থীকে এ বিষয়ে বিশেষভাবে সতর্ক থাকতে হবে।

২২) Answer script –এর PDF file তৈরি করার পর সেটিকে নিজের Roll no. দিয়ে Rename(নামকরণ) করতে হবে।

২৩) E-mail পাঠানোর সময় (E-mail-এর) Subject –এর জায়গায় Name, Subject, Roll no, Course code লিখতে হবে।

২৪) Offline উত্তরপত্র জমা দেওয়ার ক্ষেত্রে Admit Card-এর প্রতিলিপি (Xerox) উত্তরপত্রের সঙ্গে জমা দেওয়া আবশ্যিক। [Front page+ Answer script+ Admit card]

বি. দ্র.

\*নিচে বর্ধমান বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত উত্তরপত্রের প্রথম পৃষ্ঠাটি দেওয়া হল। পরীক্ষার্থীকে পরীক্ষার আগে কলেজ ওয়েবসাইট থেকে এটি ডাউনলোড করে উত্তরপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

\*পরীক্ষা সংক্রান্ত জিজ্ঞাসা থাকলে নিচে দেওয়া ফোন নম্বরে যোগাযোগ করা যাবে।

81673-05526/ 94348-67892 [সকাল ১০ টা থেকে দুপুর ২টো পর্যন্ত]



নির্দেশানুসারে

অধ্যক্ষ

Principal

Dasarathi Hazra Memorial College  
Bhatar, Purba Bardhaman